"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মির্জাগঞ্জ, পটুয়াখালী।
www.fpo.mirzaganj.gov.bd

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩- ৪৩

তারিখ ঃ ০৫/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ **নবযোগদানের শুরুতেই (শিক্ষানবিসকালীন) প্রথম কারণ দর্শানো নোটিশের ঔদ্ধত্যপূর্ণ জবাব দাখিল, উর্দ্ধতন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে লাগাতার কর্মস্থলে অনুপস্থিত থাকা ও কর্তৃপক্ষকে অসত্য তথ্য দিয়ে বিভ্রান্ত করার কারণ ব্যাখ্যা প্রসঙ্গে।**

বর্ণিত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনি মির্জাগঞ্জ উপজেলার মজিদবাড়িয়া ইউনিয়নে ২/ক ইউনিটে পরিবার কল্যাণ সহকারী হিসেবে নবনিয়োগপ্রাপ্ত হন এবং বিগত ২৬/১২/২০২২খ্রিঃ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগদানপত্র দাখিল করেন এবং ঐ দিনই আপনার যোগদানপত্র গৃহীত হয়। যোগদানপত্র গ্রহনের পর একই দিনে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আপনি সহ নবযোগদানকৃত সকলকে যার যার দায়িত্ব কর্তব্য এবং কর্মএলাকা সম্পর্কে মৌখিকভাবে বর্ণনা করা হয় এবং সততা নিষ্ঠা ও দায়িত্বপরায়নতার সহিত সরকারী দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হয়। পুনঃ স্মরনযোগ্য যে, যোগদানপত্র গ্রহনের পর থেকে আপনি একজন সরকারী কর্মচারী এবং সরকারী কর্মচারী হিসেবে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ পালন তথা উর্দ্ধতন কর্তৃপক্ষের আইনসঙ্গত আদেশ নির্দেশ পালন করা আপনার আবশ্যিক কর্তব্য। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে,

২। আপনি গত ২৬/১২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ যোগদানের পর গত ২৭/১২/২০২২ খ্রিষ্টাব্দ ও ০৪/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ ব্যতীত নিজ কর্মস্থলে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অদ্য ০৫/০২/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অনুপস্থিত রয়েছেন। অনুপস্থিতির বিষয়ে গত ০৯/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে স্মারক নং-উপপ/মির্জা/২০২৩-১১ মোতাবেক অননুমোদিত অনুপস্থিতির কারণ ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার নির্দেশ প্রদান করা হয়। আপনার গত ১৭/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে স্বাক্ষরিত একটি লিখিত জবাব গত ২২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ বিকাল আনুমানিক ০৪:০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ডাকযোগে পৌছে। ডাকযোগে প্রেরিত পত্রে আপনি যে জবাব দাখিল করেছেন তা ঔদ্ধত্যপূর্ণ, অসৌজন্যমূলক ও অসত্য বলে নিম্নস্বাক্ষরকারীর কাছে প্রতীয়মান হয়েছে।

৩। আপনি অপ্রাসঙ্গিকভাবে আপনার জবাবে পটুয়াখালী জেলার ০৩ (তিন) জন উপরস্থ কর্মকর্তার (জেলা প্রশাসক, পটুয়াখালী; সিভিল সার্জন, পটুয়াখালী; উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী) প্রসঙ্গ এনেছেন যা তাদেরকে হেয় প্রতিপন্ন করেছে বলে নিম্নস্বাক্ষরকারীর কাছে প্রতীয়মান হয়েছে। আপনি জবাবে আরও উল্লেখ করেছেন ৩০/১২/২০২২ খ্রিষ্টাব্দ ও ৩১/১২/২০২২ খ্রিষ্টাব্দ ০২ (দুই) দিন সাপ্তাহিক ছুটির কারণে আপনার ব্যক্তিগত কাজে ব্যস্ত ছিলেন। কিন্তু ৩০/১২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ শুক্রবার হলেও ৩১/১২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ শনিবার মাঠ পর্যায়ের কর্মচারীদের কোন সাপ্তাহিক ছুটি নেই/ছিলনা। আপনার জবাবেই আপনি স্বীকার করেছেন যে, আপনি ৩১/১২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ অননুমোদিতভাবে নিজ কর্মস্থলে অনুপস্থিত ছিলেন।

৪। গত ২৭/১২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ মজিদবাড়িয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মির্জাগঞ্জ, পটুয়াখালীতে পরিচিতি সভা শেষে আপনি কর্মস্থল ত্যাগ করেন। আপনি নিম্নস্বাক্ষরকারীকে ০১/০১/২০২৩ খ্রিষ্টাব্দ ও ০২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ ০২(দুই) দিন নৈমিত্তিক ছুটির জন্য মোবাইল ফোনে মৌখিকভাবে অনুরোধ করেন। কিন্তু অদ্যবধি কোন ছুটির দরখাস্ত দাখিল করেননি।

৫। আপনার দাখিলকৃত জবাবে আপনি কর্তৃপক্ষকে অবজ্ঞা ও গ্রামীনফোন সেন্টারে গিয়ে তথ্য নেয়ার জন্য আদেশসূচক বাক্য ব্যবহার করেছেন। যা সরকারী কর্মচারী হিসেবে কাম্য নয়।

৬। আপনার পার্শ্ববর্তী ইউনিটের পরিবার কল্যাণ সহকারী জনাব নাসরিন আক্তার ও পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান কে আপনাকে সাথে নিয়ে আপনার কর্মএলাকায় দায়িত্ব পালন করার জন্য মৌখিকভাবে নির্দেশ প্রদান করা হয়েছিল যাতে আপনি আপনার কার্যক্রম সঠিকভাবে বুঝে নিতে পারেন। কিন্তু দুঃখজনকভাবে আপনি আপনার জবাবে মজিদবাড়িয়া ইউনিয়নের ২/খ ইউনিটের পরিবার কল্যাণ সহকারী জনাব নাসরিন আক্তার কে মিথ্যাবাদী ও মজিদবাড়িয়া ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব মোঃ মোস্তাফিজুর রহমানকে নিয়ে উদ্ভট, মনগড়া ও বানোয়াট তথ্যাবলী উল্লেখ করেছেন, যা একজন সরকারী কর্মচারীর ব্যক্তি মর্যাদার হানিকর।

৭। দাখিলকৃত জবাবে আপনি দাবী করেছেন যে, আপনি গত ২৭/১২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে দায়িত্ব বুঝে নিয়েছেন। কিন্তু দায়িত্ব বুঝে নিলে ডিসেম্বর/২২ খ্রিষ্টাব্দ মাসের এমআইএস-১ প্রতিবেদন এবং জানুয়ারী/২৩ খ্রিষ্টাব্দ মাসের অনুমোদিত অগ্রীমভ্রমণসূচী দাখিল করার কথা। আপনি অদ্যবধি কোন প্রতিবেদন ও অনুমোদিত অগ্রীম ভ্রমণসূচী দাখিল করেননি।

৮। আপনি অদ্যবধি জানুয়ারি/২২ খ্রিস্টাব্দ মাসের এমআইএস রিপোর্ট-১ ও আপনার অনুমোদিত অগ্রিম ভ্রমনসূচী দাখিল করেননি।

চলমান পৃষ্ঠা-০২

৯। গত ২৪/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব আব্দুল্লাহ আল মামুন, মজিদবাড়িয়া ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ও মজিদবাড়িয়া ইউনিয়নের ৩/ক ইউনিটের পরিবার কল্যাণ সহকারী জনাব শিরিনা নাসরীন সহ নিম্নস্বাক্ষরকারী আপনার চাকুরীতে প্রদত্ত স্থায়ী ঠিকানায় আপনার কর্মএলাকায় গেলে আপনাকে অনুপস্থিত পাওয়া যায়। আপনার শ্বশুর জনাব মোঃ সুলতান হাং জানান যে, আপনি রাহাত আনোয়ার হাসপাতাল, বরিশাল এ ১৪-১৫ দিন ধরে ভর্তি হয়ে চিকিৎসাধীন আছেন। পরে আপনার চাকুরীতে প্রদত্ত মোবাইল নম্বর ০১৯৫৯৮৮২৪০১ এ নিম্নস্বাক্ষরকারী ০৪ (চার) বার ফোন দিলেও রিসিভ করেননি। পরবর্তীতে বিকেল ০৫:০০ ঘটিকায় আপনি নিম্নস্বাক্ষরকারীকে ফিরতি ফোন করে আপনার অবস্থান সম্পর্কে যে তথ্য দেন তা আপনার শ্বশুর প্রদত্ত তথ্যের সাথে মিল নেই এবং বিভ্রান্তিকর (একবার বলেছেন হাসপাতালে ছিলাম, পাশে কেউ না থাকায় ফোন ধরতে পারিনি ঠিক পরক্ষনেই আবার বলেছেন গত ১৮/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ শের-ই-বাংলা মেডিকেলে ডাক্তার দেখাতে গিয়েছিলাম, ডাক্তার ভর্তি হতে বললে আমি ভর্তি হইনি)। আবার আপনি গত ৩০/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ নিম্নস্বাক্ষরকারীকে ফোন করে জানান যে, স্যার আমি অনেক ভেবেচিন্তে দেখছি আমার পক্ষে এই চাকুরী করা সম্ভব না। আমার বেতনটা যদি এই মাসে দিতেন তাহলে আমি রিজাইন দিতাম।

১০। মোট কথা আপনি অদ্য তারিখ পর্যন্ত আপনার অবস্থান সম্পর্কে কর্তৃপক্ষকে কোন প্রকার অবহিত করেননি এবং অনুমতির জন্য কোন ছুটির আবেদনও পাঠাননি এবং আপনি কর্মস্থলে লাগাতার অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন। তাছাড়া অত্র কার্যালয় থেকে স্মারক নং-উপপ/মির্জা/২০২৩-২২, তারিখ ঃ ২২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ মোতাবেক পুনঃ কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও অদ্য পর্যন্ত আপনি জবাব দাখিল করেননি।

আপনার উপরোক্ত কর্মকান্ডে সরকারী দায়িত্ব কর্তব্য পালনে চরম অবহেলা, শৈথিল্য ও বিভাগীয় ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হয়েছে মর্মে নিম্নস্বাক্ষরকারীর কাছে বারংবার প্রতীয়মান হয়েছে।

**এমতাবস্থায়,** আপনার এহেন কর্মকান্ডের বিষয়ে কেন সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন এবং আপনার নিয়োগপত্রে বর্ণিত ০৪ (চার) নম্বর শর্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে না তার সন্তোষজনক জবাব অত্র পত্র প্রাপ্তির ০৩(তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর স্বশরীরে লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

স্বাঃ

(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)
মির্জাগঞ্জ, পটুয়াখালী।
ফোন ঃ ০৪৪২৬-৭৫২৪২
E-mail : ufpo.mirza@gmail.com

জনাব আরিয়ানা আফরীন
পরিবার কল্যাণ সহকারী
২/ক ইউনিট, মজিদবাড়িয়া ইউনিয়ন,
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-৪৩/১(৭)

তারিখ ঃ ০৫/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি / অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৩। সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৫। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৬। চেয়ারম্যান, মজিদবাড়িয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৭। পরিবার পরিকল্পনা পরিদর্শক, মজিদবাড়িয়া ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

০৫/০২/২৩

(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)
মির্জাগঞ্জ, পটুয়াখালী।
ফোন ঃ ০৪৪২৬-৭৫২৪২
E-mail : ufpo.mirza@gmail.com